



Sylhet Agricultural University (SAU)

Sylhet-3100, Bangladesh

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

সিলেট-৩১০০, বাংলাদেশ।

তারিখ : ১৯-০৩-২০২০

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ করোনা ভাইরাস মহামারী আকার ধারণ এবং বাংলাদেশেও এ ভাইরাসের আক্রমণ দেখা দেয়ার প্রেক্ষাপটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিদেশ ফেরত সকলকে ১৪ দিন হোম কোয়ারেন্টাইনে থাকা বাধ্যতামূলক করেছে। এতৎসত্ত্বেও অনেক বিদেশ ফেরত ব্যক্তিবর্গ হোম কোয়ারেন্টাইনে না থেকে দেশের বিভিন্ন অঞ্চলে অবাধ চলাচল করেছে। এক্ষেত্রে আমাদের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেও অপরিচিত ব্যক্তিবর্গের আনাগোনা লক্ষ্য করা যাচ্ছে। এসব বহিরাগতদের মধ্যে অনেকে কোভিড-১৯ করোনা ভাইরাস দ্বারা আক্রান্ত থাকতে পারে বলে কর্তৃপক্ষ মনে করেছে। এ পরিপ্রেক্ষিতে কোভিড-১৯ করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে কর্তৃপক্ষ নিচের সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে-

- ১। বিশ্ববিদ্যালয়ের সকল গেট বন্ধ থাকবে, তবে পরিচয় প্রদানপূর্বক চলাচল করা যাবে।
- ২। গেট দিয়ে সকল প্রকার যানবাহন চলাচল সম্পূর্ণরূপে বন্ধ থাকবে।
- ৩। অনুমিত ভবনসমূহের প্রধান গেট রাত ৯.০০ টা থেকে বন্ধ থাকবে।
- ৪। বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তার স্বার্থে অভ্যন্তরীণ সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও আবাসিক হলে বসবাসরত শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয় গেটে পরিচয় প্রদান করে চলাচল করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপরোক্ত সিদ্ধান্তসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

প্রফেসর ড. মোঃ আব্দুল মালেক
চেয়ারম্যান, নিরাপত্তা কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
সিলেট-৩১০০।

প্রয়োজনীয় কার্যার্থে কপি বিতরণ :

- ১। কৃষিবিদ কামরুল ইসলাম, নিরাপত্তা কর্মকর্তা (অ. দা.), সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ২। প্রকৌশলী হিমাংশু শেখর পাল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেল, সিকুবি, সিলেট।
(ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৩। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস নথি।